দৈনিক সংবাদ

JAN 2001

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৪

## খালেদার সাথে বৈঠক

# ছাত্রদলের কমিটি মেনে নিয়েছে বিদ্রোহী গ্রুপ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ঘোষিত ছাত্রদলের নতুন কমিটির নেতৃত্ব মেনে নিয়েছে সংগঠনের বিদ্রোহী গ্রুপ। গতকাল সোমবার রাতে বিরোধীদলীয় নেত্রীর সরকারি বাসভবন ২৯, মিন্টো রোডে বেগম খালেদা জিয়ার সঙ্গে বিদ্রোহী গ্রুপের এক ঘণ্টাব্যাপী এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকশেষে বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান এক প্রেস ব্রিফিংয়ে বলেন, বিদ্রোহী অংশ পিন্টু-লান্টুর নেতৃত্ব মেনে নিয়ে কাজ করার অঙ্গীকার করেছে। তিনি বলেন, ছাত্রদলের মধ্যে যে ভুল বোঝাবুঝি ছিল তা আজ অবসান হলো। বেগম খালেদা জিয়া জাতীয়তাবাদী ছাত্রদলের যে কমিটি ঘোষণা করেছেন তা

ছাত্রদল ঃ পৃঃ ২ কঃ ৮

## ছাত্রদল ঃ বিদ্রোহী গ্রুপ

(১ম পৃষ্ঠার পর)

বহাল থাকবে। কেন্দ্রীয় কমিটির যে পদগুলো এখনো পূরণ করা হয়নি যোগ্যতার ভিত্তিতে তা পূরণ করা হবে দলের কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি খুব শিগগিরই ঘোষণা করা হবে। আমানউল্লাহ আমান আরো বলেন, এরপর যদি কেউ দলীয় শৃঙ্খলাবিরোধী কাজ করে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

গতকাল বেগম খালেদা জিয়ার সাথে বৈঠকে উপস্থিত ছিলেন বিদ্রোহী গ্রুপের নেতা, ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি মনির হোসেন, নয়া কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন, ঢাকা মহানগর দক্ষিণ শাখার সভাপতি সগির আহমদ, সাধারণ সম্পাদক রফিকুল আলম মজু, ছাত্রদল উত্তর কমিটির সভাপতি মামুন হাসান, সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা কমিটির সভাপতি রওনাকুল ইসলাম টিপু, সাধারণ সম্পাদক আবদুস সাত্তার।

বেগম খালেদা জিয়ার সাথে বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া ছিলেন। গতকাল সমঝোতা হওয়ায় বিদ্রোহী গ্রুপ তাদের গণপদত্যাগ কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছে।

উল্লেখ্য, গত ২২শে ডিসেম্বর বেগম খালেদা জিয়া নাসির উদ্দিন পিন্টুকে সভাপতি ও সাহাবুদ্দীন লাল্টুকে সাধারণ সম্পাদক করে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি ঘোষণা করলে উল্লিখিত অংশ বিদ্রোহ করে। পক্ষকাল ধরে তারা বিদ্রোহী কর্মকাণ্ড চালায়। এক পর্যায়ে তারা গণপদত্যাগ করারও ঘোষণা দেয়। পরে আবদুল মান্নান ভূঁইয়া একটি সমঝোতার প্রচেষ্টা চালান। সে প্রচেষ্টা অনুযায়ী গতকাল বেগম জিয়ার সাথে তাদের বৈঠক হয়।